

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সাভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩২১

তারিখ: ১৩ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮৪০ তম কমিশন সভা অদ্য ২৮/০৯/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

০১. কমিশন অদ্যকার সভায়, NRB Commercial Bank Limited এর ৫০০.০০ (পাচশত) কোটি টাকা অভিহিত মূল্যের Non-convertible, Unsecured, Fully Redeemable, Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Range of Coupon Rate ৭.০০% থেকে ৯.০০% এবং এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে NRB Commercial Bank Limited এর Tier-II Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে City Bank Capital Resources limited এবং Lead Arranger হিসাবে কাজ করছে UCB Investment limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০২. কমিশন অদ্যকার সভায়, বঙ্গ বিল্ডিং ম্যাটারিয়ালস লিমিটেড (Banga Building Materials Limited) কর্তৃক প্রস্তাবিত (as an originator) ৩০০.০০ (তিনশত) কোটি টাকার Secured, Non-convertible, & Fully Redeemable Asset Backed Sukuk এর প্রস্তাব অনুমোদন করেছে। শুধুমাত্র ব্যাংক সমূহ উক্ত সুকুকে বিনিয়োগ করতে পারবে। উক্ত সুকুক এর Return On Investment হার যার্মাসিক হারে ন্যূনতম ৮%, এবং সর্বোচ্চ ১১% যাতে শুধুমাত্র ব্যাংক সমূহ Private Offer এর মাধ্যমে বিনিয়োগ করতে পারবে। উল্লেখ্য, এই সুকুক ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Banga Building Materials Limited এর Existing Machinery এর পুনঃঅর্থায়নের কাজে ১,৬০৭,৫৭৮,০১৩ টাকা এবং নতুন মেশিনারি ক্রয়ের কাজে ১,৩৯২,৪২১,৯৮৭ টাকা ব্যবহার করা হবে। এই সুকুকের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা। সুকুকটির ন্যূনতম সাবসক্রিপশন ১০০,০০০ (এক লক্ষ) টাকা এবং ন্যূনতম লট ২০ টি। ছয় বছর মেয়াদী এই সুকুকটির এক বছর Grace Period থাকবে। Trustee হিসাবে First Security Islami Capital & Investment Limited এবং Issue Adviser & Arranger হিসাবে City Bank Capital Resources Ltd. কাজ করছে। এছাড়াও উক্ত সুকুকটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

P/Sec/1

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

০৩. কমিশন অদ্যকার সভায়, Nurani Dyeing and Sweater Limited (NDSL)-এর আইপিও ফান্ড আত্মসাৎ এবং আর্থিক প্রতিবেদন জালিয়াতির ওপর ঢাকা স্টক এক্সচেঞ্জ কর্তৃক পরিচালিত Inspection রিপোর্ট ও পরবর্তীতে কমিশন কর্তৃক পরিচালিত তদন্ত কমিটির প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়সমূহ উদঘাটিত হয়ঃ

- Nurani Dyeing and Sweater Limited এর ২০১৬ ও ২০১৭ এর নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও প্রকাশিত প্রসপেক্টাস অনুযায়ী এবি ব্যাংকের নিকট কোম্পানিটির ব্যাংক দায় (long term loan) যথাক্রমে ৫৭.২০ কোটি ও ৪২.৯৫ কোটি টাকা উল্লেখ ছিল। কিন্তু পরিদর্শক ও তদন্ত কমিটি কর্তৃক সংগৃহীত ব্যাংক হিসাব বিবরণী অনুযায়ী প্রকৃত ব্যাংক দায়ের পরিমাণ ১৬৮.৯৬ (২০১৮) কোটি টাকা, ১৯২.৬৮ (২০১৯) কোটি টাকা এবং ২১৬.৪১ (২০২০) কোটি টাকা দায় রয়েছে বলে প্রমাণিত হয়। এতে কোম্পানিটির ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের আর্থিক প্রতিবেদনে কোম্পানির প্রকৃত আর্থিক অবস্থা গোপন করা হয় যার মাধ্যমে সাধারণ বিনিয়োগকারী ও প্রাথমিক গণ প্রস্তাবের (আইপিও) চাঁদা অংশ গ্রহণকারী গণ বিভ্রান্তিকর তথ্য পেয়ে প্রতারিত হন।
- কোম্পানিটি ২০১৭ সালে আইপিওর মাধ্যমে উত্তোলিত ৪৩ কোটি টাকা বিভিন্ন কারসাজি স্কিম/ডিভাইসের মাধ্যমে যথা ব্যাংক বিবরণী জালিয়াতি, MTDR-এর নগদায়ন এবং কোন প্রকার কাজ/পরিষেবা ছাড়াই স্বার্থ-সংশ্লিষ্ট পক্ষগুলিকে (sister concern) অর্থ প্রদান করে ৪১.১৪ কোটি টাকা আত্মসাৎ করে, যার মাধ্যমে কমিশনের আইপিও অনুমোদনের শর্ত ভঙ্গ হয়েছে।
- কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনায় জড়িত ৩টি ইস্যু ম্যানেজার কর্তৃক Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর Rule-4 (1)(d) অনুযায়ী Due Diligence Certificate প্রদানের মাধ্যমে প্রসপেক্টাস (Prospectus) ও এতদসংক্রান্ত তথ্যের সত্যতা (True & Fair) নিশ্চয়তা প্রদান করে এবং যা পরবর্তীতে কোম্পানিটি প্রকৃত আর্থিক অবস্থা গোপন করেছে বলে প্রতীয়মান হয়। এতে সাধারণ বিনিয়োগকারী ও প্রাথমিক গণ প্রস্তাবের (আইপিও) চাঁদা অংশ গ্রহণকারী গণ বিভ্রান্তিকর তথ্য পেয়ে প্রতারিত হন।
- ২০১৭ সালে আইপিও ইস্যুকালীন সময়ে Statutory Auditor হিসেবে দায়িত্বপ্রাপ্ত Audit Firm কর্তৃক আর্থিক প্রতিবেদনের উপর এতদসংক্রান্ত Clean Report (unqualified opinion) প্রদান করার মাধ্যমে সাধারণ বিনিয়োগকারী ও প্রাথমিক গণ প্রস্তাবের (আইপিও) চাঁদা অংশগ্রহণকারীগণ বিভ্রান্তিকর তথ্য পেয়ে প্রতারিত হন।
- ২০২০ ও ২০১৯ সালের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, Issuer Company কর্তৃক প্রকাশিত হিসাব বিবরণীর রপ্তানী আয়, বিক্রয় ও দেনাদার এর স্বপক্ষে বিভিন্ন প্রমাণপত্র যথা, PRC, TDS Certificate, Bank Statement ইত্যাদি কাগজপত্র জালিয়াতির মাধ্যমে উক্ত সময়ের আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা হয় বলে প্রতীয়মান হয়। এই সময়ে দায়িত্বপ্রাপ্ত Auditors কর্তৃক এতদসংক্রান্ত Clean Report প্রদান করে উক্ত আর্থিক প্রতিবেদনের নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করা হয়। এছাড়া উক্ত সময়ে কোম্পানিটির উৎপাদন কার্যক্রম বন্ধ ছিল বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। যাতে সাধারণ বিনিয়োগকারীগণ বিভ্রান্তিকর তথ্য পেয়ে প্রতারিত হন।

Pracema

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

- পরবর্তীতে উদ্যোক্তা ও পরিচালকদের বিও হিসাবে ধারণকৃত ৩০. ৯৩% শেয়ার Jamuna Bank Capital Management Ltd. এর নিকট জামানত (collateral) হিসেবে জমা প্রদান করে মার্জিন ঋণ গ্রহণ করে তসরুফ করে। পরবর্তীতে উদ্যোক্তা ও পরিচালকদের জানমানতকৃত শেয়ারের (৩০. ৯৩%) বিপরীতে প্রাপ্ত মার্জিন ঋণ খেলাপীতে পরিণত হয়।

উপরোক্ত বিষয়ে কমিশনের তদন্ত কমিটি ও DSE'র রিপোর্টের আলোকে NDSL কোম্পানী, উদ্যোক্তা ও পরিচালকগণ, সংশ্লিষ্ট ইস্যু ম্যানেজার এবং উক্ত সময়ে Statutory Auditor ও IPO Fund Utilization Auditor এর বিরুদ্ধে শেয়ার হোল্ডারদের বিভিন্নভাবে প্রতারণিত করা ও প্রতারণা কার্যক্রমে সহযোগীতা করায় Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 এর (a), (b), (c) ও (d) উপধারাসমূহসহ অন্যান্য সিকিউরিটিজ আইন লঙ্ঘিত হয় বিধায় Enforcement action এবং ফৌজদারি মামলা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪. কমিশন অধ্যকার সভায়, Chittagong Stock Exchange (CSE) এর পরিচালক পর্ষদের অনুমোদন ও পরবর্তীতে CSE এর আবেদনের প্রেক্ষিতে, কমিশন ABG Limited কে CSE এর কৌশলগত বিনিয়োগকারী (Strategic Investor) হিসেবে কতিপয় শর্ত, সিকিউরিটিজ আইন পরিপালন সাপেক্ষে নীতিগত অনুমোদন প্রদান করেন। এ ব্যাপারে CSE ও প্রস্তাবিত কৌশলগত বিনিয়োগকারী ABG Limited প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

Placem
28-09-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র